# উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির এপ্রিল/২০২৫ মাসের সভার কার্যবিবরণী ঃ

| | |
|---|---|
| সভাপতি | ঃ মোঃ জাকির হোসেন<br>প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড় |
| স্থান | ঃ নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষ |
| তারিখ সময় | ঃ ২১/০৪/২০২৫ খ্রিঃ, সময় ঃ সকাল- ১১.০০ টা |

**সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনাপূর্বক কোনোরূপ সংশোধনী না থাকায় উহা নিশ্চিত করা হয়। অতঃপর নিম্নোক্ত বিষয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | মহিলা বিষয়ক অধিদপ্তরঃ উপপরিচালক (অঃদাঃ), মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড় সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, ১৪/০৫/২০২৫ তারিখে ২০২৩-২৪ চক্রে ভিডব্লিউবি (পূর্বের ভিজিডি) উপকারভোগীদের মেয়াদ ৬(ছয়) মাস বৃদ্ধি করে চাল বরাদ্দ প্রদান করা হয়েছে। ১৪/০৫/২০২৫ তারিখে সদর উপজেলার ১০টি ইউনিয়নে জানুয়ারি/২৫ হতে মে/২০২৫ পর্যন্ত ০৫ মাসের ভিডব্লিউ চাল বিতরণের জিও জারি করা হয়েছে। ২০২৫-২৬ অর্থবছরের চক্রের অনলাইনে আবেদনের গতি বৃদ্ধি করার জন্য সকল ইউনিয়নের চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া মা ও শিশু সহায়তা কর্মসূচির অনলাইনে আবেদন চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপপরিচালক (অঃদাঃ), মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড়-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড় |
| ০২ | **নারী ও শিশু উন্নয়ন ঃ** পরিষদ, সরকার ও বিভিন্ন বেসরকারি সংস্থা কর্তৃক গ্রহণকৃত নারী ও শিশু উন্নয়ন বিষয়ক বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও কাঠামোগত উন্নয়ন কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা করা এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে সহায়তা প্রদান করা। এছাড়া উপজেলা পরিষদের সাধারণ সভায় এ সংক্রান্ত প্রতিবেদন ও সুপারিশমালা উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ০৩ | **নারী ও শিশু নির্যাতন ঃ** সভাপতি জানান যে, পঞ্চগড় সদর উপজেলায় নারী ও শিশু নির্যাতনের হার বৃদ্ধি পাচ্ছে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদস্য সচিবকে অনুরোধ জানান। | এই বিষয়ে উপজেলা পরিষদ সাধারণ সভায় আলোচনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার-কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ০৪ | **বিভিন্ন উন্নয়ন প্রকল্প ঃ** পঞ্চগড় সদর উপজেলার মধ্যে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়নযোগ্য বিভিন্ন প্রকল্পে মহিলাদের কর্মসংস্থান সৃষ্টির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে পরামর্শ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ০৫ | **বিবিধ ঃ** সভায় পরিষদ কর্তৃক গ্রহণকৃত বিভিন্ন উন্নয়ন প্রকল্পের পরিকল্পনা গ্রহণের ক্ষেত্রে প্রত্যক্ষ সুবিধাভোগী হিসেবে নারী ও শিশুদের অন্তর্ভূক্তিকরণের বিষয়টি নিশ্চিতকরণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ও পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। শিশু শ্রম বন্ধ, নারী ও শিশু নির্যাতন বন্ধ, বাল্য বিবাহ রোধ, নারী ও শিশু পাচার প্রতিরোধকল্পে কর্মরত সংশ্লিষ্ট কমিটি, বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমুহের কার্যক্রমের সমন্বয়সাধনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উপজেলা পরিষদকে পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য |

অতপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/৪/২৫

মোঃ জাকির হোসেন
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
পঞ্চগড়।

স্মারক নং ঃ- ৪৬.০০.৭৭৭৩.০০৫.৩৩.০১০.২১- ৪৪

তারিখঃ ০৮ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ
২১ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০২। জেলা প্রশাসক, পঞ্চগড়।
০৩। পুলিশ সুপার, পঞ্চগড়।

অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ

০১। উপজেলা ........................................................কর্মকর্তা, পঞ্চগড় সদর।
০২। চেয়ারম্যান ..............................................ইউনিয়ন পরিষদ, পঞ্চগড় সদর।
০৩। জনাব.............................................................................................
সদস্য, উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি, পঞ্চগড় সদর, পঞ্চগড়।

(এ.কে.এম. ওয়াহিদুজ্জামান)
উপপরিচালক (অঃদাঃ)
ও
সদস্য সচিব
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

## উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির সভার উপস্থিতি ঃ

তারিখ- ২১/০৪/২৫

(পরিশিষ্ট-ক)

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা ঃ

| ক্রমিক | নাম ও পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০২ | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড়। | |
| ০৩ | চেয়ারম্যান, মাগুড়া ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৪ | চেয়ারম্যান, গরিনাবাড়ী ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৫ | চেয়ারম্যান, হাড়িভাসা ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৬ | বীর মুক্তিযোদ্ধা মোঃ নুরুল ইসলাম, কায়েতপাড়া, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৭ | বীর মুক্তিযোদ্ধা মোঃ ইসমাইল হোসেন, চাকলাহাট, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |

# উপজেলা পরিষদ

পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং- ৪৬.০০.৭৭৭৩.০০৫.৩৩.০১০.২১-৪০

তারিখঃ ০৭ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ
২০ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ

## "সভার নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির** পরবর্তী সাধারণ সভা নিম্নবর্ণিত আলোচসূচি অনুযায়ী আগামী ২১/০৪/২০২৫ তারিখ রোজ সোমবার সকাল- ১০.৩০ টায় **জনাব মোঃ জাকির হোসেন, প্রশাসক, উপজেলা পরিষদ**, পঞ্চগড় সদর, পঞ্চগড়-এর সভাপতিত্বে উপজেলা পরিষদ হলরুম-এ অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচিঃ

০১। গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।

০২। গত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

০৩। গত সভায় আলোচিত কমিটি সংক্রান্ত কোন তথ্য বা সিদ্ধান্ত।

০৪। বিবিধ।

**(এ.কে.এম. ওয়াহিদুজ্জামান)**
উপপরিচালক (অঃদাঃ)
ও
সদস্য সচিব
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

বিতরণ ঃ

.................................................................

.................................................................

(সদস্য সকল) পঞ্চগড় সদর, পঞ্চগড়।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

০১। উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়।

০২। অফিস নথি।